



**Permanent Mission of Bangladesh**  
65, Rue de Lausanne  
1202 Geneva  
Phone: +41 (0) 22 906 8020  
Fax : +41 (0) 22 738 4616  
E-mail : permanentmission.geneva@mofa.gov.bd  
Website: www.genevamismission.mofa.gov.bd

## কন্স্যুলার সেবা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক বৈশ্বিক করোনা ভাইরাস সংক্রমন pandemic ঘোষণার প্রেক্ষিতে সুইজারল্যান্ড প্রবাসী সকল বাংলাদেশী নাগরিককে আবারও অধিকতর সতর্কতা অবলম্বনের পরামর্শ দেয়া যাচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সুইজারল্যান্ডের স্বাস্থ্য বিভাগের দেয়া সুরক্ষামূলক নির্দেশনাসমূহ মেনে চলা অত্যাবশ্যকীয়।

সুইজারল্যান্ড প্রবাসী বাংলাদেশী নাগরিকদের সুরক্ষার স্বার্থে আগামীকাল ১৩ মার্চ ২০২০ (শুক্রবার) হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত জরুরী ও অত্যাবশ্যকীয় কন্স্যুলার সেবার প্রয়োজন ব্যতীত সকলকে দূতবাসে না আসতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এ সময়ে নিয়মিত কন্স্যুলার সেবা নিম্নোক্তভাবে প্রদান করা হবে:

- ডাকযোগে পাসপোর্ট রি-ইস্যু ও এনভিআর (NVR) ইস্যু (তবে, সংশ্লিষ্ট আবেদনপত্র অবশ্যই যথাযথ ভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ প্রেরণ করতে হবে)
- যেসব সেবা গ্রহণের নিমিত্ত দূতবাসে সশরীরে উপস্থিত হতে হয়, যেমনঃ নতুন পাসপোর্ট ইস্যু, ট্রাভেল পাস ইস্যু, আইনি দলিলাদি সত্যয়ন (Legal document attestation) ইত্যাদি, সেসব ক্ষেত্রে সেবা প্রার্থীদের দূতবাসে আসার পূর্বে অবশ্যই দূতবাসের নিম্নোক্ত ফোন নম্বরে/ইমেইলে যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

**হটলাইনঃ +41 77 922 3604 (24/7)**

**ইমেইলঃ permanentmission.geneva@mofa.gov.bd**

- তাছাড়াও, 'দূতবাস' মোবাইল অ্যাপের মাধ্যমে কন্স্যুলার সেবা, বিশেষতঃ আইনি দলিলাদি সত্যয়ন, ট্রাভেল পাস ইত্যাদি পরিষেবা (পাসপোর্ট সংক্রান্ত বিষয়াদি নয়) নিয়মানুযায়ী প্রদান করা হবে।



বাংলাদেশ স্থায়ী মিশন  
জেনেভা